ঝিনাইদহে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে মানববন্ধন

‘ ‘করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’’ প্রতিপাদ্যকে সামনে নিয়ে পরিবেশ রক্ষার আইন ও নীতির কার্যকর প্রয়োগ এবং বাংলাদেশের টেকসই পরিবেশ উন্নয়ন নিশ্চিতের দাবিতে ঝিনাইদহে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে মানবন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বুধবার (৫ জুন) সকালে সচেতন নাগরিক কমিটি (সনাক) ঝিনাইদহ এর উদ্যোগে শহরের পোস্ট অফিস মোড়ে এই মানববন্ধন কর্মসূচী পালিত হয়। মানব বন্ধনে তারা পরিবেশ সংক্রান্ত আইন ও নীতির কার্যকর প্রয়োগ এবং বাংলাদেশের টেকসই পরিবেশ উন্নয়ন নিশ্চিত করতে আহ্বান জানান।

এ বছর বাংলাদেশ সরকার ‘‘করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’’ প্রতিপাদ্য নির্ধারণ করে দিনটি উদযাপন করছে। সরকারের সহায়ক শক্তি হিসেবে পরিবেশ খাতে সুশাসনের গুরুত্ব বিবেচনায় টিআইবি প্রতি বছরই বিশ^ পরিবেশ দিবস পালন করে।

এরই ধারাবাহিকতায়, এ বছর টিআইবি ‘‘করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’’ প্রতিপাদ্য হিসেবে নিয়ে দিবসটি পালন করছে। সনাক আয়োজিত এই মানববন্ধনে বক্তব্য দেন সনাক সহসভাপতি সালমা খানম, সুজন সভাপতি ও পিএফজি সদস্য এবং বার্তা সংস্থা ইউএনবির জেলা প্রতিনিধি আমিনুর রহমান টুকু, সনাক সদস্য এন.এম. শাহজালাল, পরিবেশ উপকমিটির সদস্য ডা.হাসানুজ্জামান, স্বাস্থ্য কর্মী কাজল কুমার বিশ^◌াস ও পদ্মা সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক মোঃ হাবিবুর রহমান প্রমূখ।

পরিবেশ বান্ধব টেকসই বাংলাদেশ এবং সবুজ ভবিষ্যৎ উন্নয়নে প্রতি বছরের ন্যায় বিশ^ পরিবেশ দিবস উপলক্ষে টিআইবি দেশব্যাপী নানাবিধ প্রচারণামূলক কর্মসূচী পালন করছেন।

এ সকল কর্মসূচির পাশাপাশি অধিপরামর্শমূলক কাজের অংশ হিসেবে টিআইবি নীতিনির্ধারণী পর্যায়ে সুনির্দিষ্ট সুপারিশমালা তুলে

ধরেণ। তার মধ্যে তাপমাত্রা হ্রাস এবং খরা ও মরুকরণ প্রতিরোধে সরকারের কর্মসূচী বাস্তবায়ন নিশ্চিত করা, পরিবেশ সুরক্ষা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করণ, জলবায়ু পরিবর্তন-সংক্রান্ত বিষয়গুলোকে যথাযথ গুরুত্ব প্রদান করা ও পলিথিনসহ শিল্পবর্জ্য নিয়ন্ত্রণে পরিবেশ ও বর্জ্য ব্যবস্থাপনা-সংক্রান্ত আইন ও বিধিমালার কঠোর প্রয়োগ নিশ্চিত করাসহ ১৯দফা দাবি বাস্তবায়নের সুপারিশ জানান।

শৈলকুপায় নির্বাচন পরবর্তী সহিংসতা বন্ধ ও বাড়ি ফেরার দাবীতে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপায় নির্বাচন পরবর্তী সহিংসতা বন্ধ ও বাড়ি ফেরার দাবীতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।
মঙ্গলবার উপজেলার গাড়াগঞ্জ মিয়া জিন্নাহ আলম ডিগ্রি কলেজের সামনে এ কর্মসুচির আয়োজন করে নির্যাতনের শিকার ভুক্তভোগী কয়েকশ পরিবারের সদস্যরা।

সেসময় উপজেলার লক্ষ্মণদিয়া, বেস্টপুর,গোবিন্দপুরসহ বিভিন্ন গ্রামের হামলার শিকার পরিবারের সদস্যরা অংশ নেয়।
কর্মসূচীতে লক্ষণদিয়া গ্রামের ভুক্তভোগী মানিক হোসেন, সাবু মেম্বর, ব্রাহিমপুর গ্রামের আগা খাঁ, চাঁদ আলী ফকিরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় ভুক্তভোগীরা অভিযোগ করে বলেন, গত ২১ মে শৈলকুপা উপজেলা পরিষদ নির্বাচনে মোটরসাইকেল সাইকেল প্রতিকের প্রার্থী মোস্তফা আরিফ রেজা মন্নু বিজয়ী হওয়ার পর থেকে পরাজিত চেয়ারম্যান প্রার্থী দোয়াত কলম মার্কার শামীম হোসেন মোল্লার সমর্থকদের বাড়ি-ঘরে হামলা করছে বিজয়ী প্রার্থীর সমর্থকরা।

হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করা হচ্ছে। তাড়িয়ে দেওয়া হচ্ছে বাড়ি থেকে। বাড়ি ফিরতে হলে চাঁদা দাবী করা হচ্ছে। তাই এ সহিংসতা বন্ধ ও বাড়ি ফেরার ব্যবস্থা করতে সরকারের হস্তক্ষেপ কামনা করেন

তারা।

এমপি আনার হত্যাকারীদের শাস্তির দাবিতে কালীগঞ্জে ব্যবসায়ীদের মানববন্ধন

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য ও কালীগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সভাপতি আনোয়ারুল আজিম আনার হত্যাকারীদের শাস্তির দাবিতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে কালীগঞ্জ শহরে বাজার ব্যবসায়ী সমিতির উদ্দোগে এ মানববন্ধন কর্মসূচীর আয়োজন করা হয়।

মানববন্ধনে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল, নিহত এমপি আনারের মেয়ে মুমতারিন ফেরদৌস ডরিন, বাজার ব্যবসায়ী সমিুতির সভাপতি আসাদুল ইসলাম, সাধারন সম্পাদক এমদাদুল হক ইন্তা, সাংগঠনিক সম্পাদক জহুরুল ইসলাম বিপ্লবসহ স্থানীয় বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

এছাড়া মানববন্ধনে বাংলাদেশ ক্যামিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির কালীগঞ্জ উপজেলা শাখার সদস্যরা অংশ নেন। মানববন্ধনে উপস্থিত ব্যবসায়ী নেতারা এমপি আনার হত্যাকারীদের দ্রুত দৃষ্টান্তমূলক শস্তির দাবি জানান।

প্রসঙ্গত, গত ১২ মে চিকিৎসার জন্য দর্শনার গেদে বন্দর পার হয়ে ভারতের পশ্চিবঙ্গে যান এমপি আনোয়ারুল আজিম আনার। ১৩ মে থেকে নিখোঁজ হন এমপি। ২২ মে পশ্চিমবঙ্গ রাজ্যের বিধাননগরের নিউটাউন এলাকায় সঞ্জিভা গার্ডেনে খুন হয়েছে বলে সংবাদ আসে। পরে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী তার মৃত্যুর সংবাদ জানিয়ে বিবৃতি দেন। আনার ভারতীয় সীমান্ত এলাকা ঝিনাইদহ-৪ আসনের টানা তিনবারের সংসদ সদস্য (এমপি) ও কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি ছিলেন।

সিপিবি মেহেরপুরের উদ্যোগে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর শহরের পুরাতন বাসট্যান্ডে আলোচনা সভা ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি),মেহেরপুর জেলা শাখা।

গতকাল শনিবার (২৫ মে) সকাল শনিবার সকাল ১০ টার সময় শহিদুল ইসলাম (গাংনী) এর সভাপতিত্বে ও শহিদুল ইসলাম কানন এর সঞ্চালনায় মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার শুরুতে প্রথমে শোক প্রস্তাব উপস্থাপন করা হয়। এবং কমরেড আব্দুল মান্নান এর আত্মার শান্তি কামনা করে ১ মিনিট নিরবতা পালন করা হয়। পরে বক্তারা দ্রব্যমূল্যের ক্রমাগত বৃদ্ধির জন্য বর্তমান সরকারকে দায়ি করেন। এবং সরকারের সমালোচনা করেন। এবং জনগণের অধিকার প্রতিষ্ঠা করার জন্য বাম সরকার প্রতিষ্ঠার উপরে গুরুত্ব আরোপ করেন।

এসময় সেখানে আরো উপস্থিত ছিলেন কমরেড এডঃ মিজানুর রহমান, কমরেড সিদ্দিকুর রহমান সহ আরো অনেকে।

আমার বাবার লাশের এক টুকরো মাংস আমাকে দাও – মেয়ে ডরিন

আমার বাবার লাশের এক টুকরো মাংস আমি চাই। যে মাংসের টুকরো ছুঁয়ে বাবাকে দেখতে পারি । সেই মাংসের টুকরোকেই বাবা মনে করে জানাযা করাতে চায়।

আজ শুক্রবার (২৪ মে) বিকাল ৫টার দিকে শহরের মেইন বাসস্ট্যান্ডে ঝিনাইদহ-৪ (কালীগঞ্জ) আসনের সংসদ সদস্য আনোরুল আজীম আনারকে নৃশংস ভাবে হত্যার সুষ্ঠু বিচার ও হত্যা পরিকল্পনাকারীকে আটক ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মানববন্ধনে এমপি কন্যা ডরিন এসব কথা বলনে। মানববন্ধন চলাকালে ঝিনাইদহ-যশোর মহাসড়কে আধাঘণ্টা যান চলাচল বন্ধ থাকে।

তিনি বলেন, প্রধানমন্ত্রী বাবা হারানোর ব্যাথা-কষ্ট বুঝেন, তিনি আমার বাবা হারানোর বেদনা বুঝবেন। তার বাবার হত্যার বিচার করেছেন, আমার বাবার হত্যার বিচারও তিনি করবেন। হত্যার পরিকল্পনাকারীকে ধরার পরই খতিয়ে দেখা যাবে আসলে কি জন্য সে এত বড় অপকর্ম কেন ঘটালো। এর বিচার অবশ্যই হবে।

তিনি আরো বলেন, প্রধানমন্ত্রীর সাথে আমার কথা হয়েছে। গতকালও কথা বলেছি। আমরা আইনের আশ্রয় নিব। মাননীয় প্রধানমন্ত্রী আছেন, আওয়ামী লীগের দলীয় সর্বোচ্চ অভিভাবকরা আছেন তারা আমাদের পরার্মশ দিবেন এবং তারা অবশ্যই তাদের দলীয় এমপি হত্যার সর্বোচ্চ শাস্তির ব্যবস্থা করবেন। কালীগঞ্জের মানুষের সুখে দুঃখে যিনি সবসময় পাশে থেকেছেন সেই মানুষটির হত্যার বিচার আমরা চাই। আমরা কোন শৃংখলাহানী করতে চাই না।

মানববন্ধনে সভাপতিত্ব করেন পৌর মেয়র আশরাফুল আলম আশরাফ। এসময় উপস্তিত ছিলেন, নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান শিবলী নোমানী, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মতি, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক সোহেল হোসেনসহ আওয়ামী লীগের সকল ইউনিটের নেতাকর্মীরা ও শত শত সাধারণ মানুষ মানববন্ধনে অংশগ্রহণ করেন।

কোটচাঁদপুরে ঢাকাগামী ট্রেন সেবা চালু রাখার দাবীতে

মানববন্ধন

কোটচাঁদপুর স্টেশন থেকে ছেড়ে যাওয়া ঢাকাগামী ট্রেন সেবা চালু রাখার দাবীতে মানববন্ধন করেছে কোটচাঁদপুর ঢাকা সরাসরি রেল সংযোগ রক্ষা কমিটি। আজ শুক্রবার স্থানীয় রেলস্টেশনের সামনে এ মানববন্ধন করেন তারা।

জানা যায়,আগামী জুলাই মাস থেকে সুন্দরবন-বেনাপোল ও চিত্রা এক্সপ্রেস ঢাকা পদ্মা সেতু নড়াইল গোপালগঞ্জ রুপদিয়া যশোর নতুন রুটে চলাচল করবেন। এ সব ট্রেনের যাত্রা শুরু হবে যশোরের রূপদিয়া ষ্টেশন থেকে।

এতে করে ঝিনাইদহ এবং চুয়াডাঙ্গার কোন ষ্টেশন ঢাকাগামী এ সব ট্রেন সেবা থেকে বঞ্চিত হতে যাচ্ছে। এ ট্রেন সেবা চালু রাখার দাবীতে শুক্রবার কোটচাঁদপুর রেলস্টেশনের সামনে এক মানববন্ধন করেছেন,কোটচাঁদপুর ঢাকা সরাসরি রেল সংযোগ রক্ষা কমিটি।

মানববন্ধনে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান (সেলিম),পৌরসভার প্যানেল মেয়র জাহিদ হোসেন,কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল,ছাত্র লীগের সাবেক সভাপতি শেখ শাহিন, শিক্ষক আমিরুল ইসলাম,মনিরুজ্জামান শান্তি। আজ শুক্রবার বিকাল ৪ টা সময় এ মানববন্ধন শুরু হয়। যা চলে ঘন্টাব্যাপী।

কোটচাঁদপুরের গরসূতি গ্রামে সাধারণ কৃষকদের মানববন্ধন

কোটচাঁদপুরের গরসূতি গ্রামের সাধারণ কৃষকরা এক প্রতিবাদ সভা করেছেন। আজ বৃহস্পতিবার (২৩ মে) দুপুরে ওই গ্রামের চাষিরা এ সভা করেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ১৯ মে কোটচাঁদপুর গোরসূতি

গ্রামের গুটি কয়েক কৃষকরা গভীর নলকুপের ম্যানেজারের অনিয়ম তুলে ধরে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে মানববন্ধন করেন।

এর প্রতিবাদে আজ বৃহস্পতিবার দুপুরে ওই গ্রামের মাঠে প্রতিবাদ সভা করেছেন সাধারন চাষিরা। যার মধ্যে উপস্থিত ছিলেন, সানোয়ার হোসেন, বারেক আলী, হোসেন আলী, সুজন মিয়া।

তারা বলেন, দীর্ঘ দিন ধরে সানোয়ার হোসেন গভীর নলকুপটি পরিচালনা করে আসছেন। এতে ইশ্বানিত হয়ে গ্রামের কিছু কৃষক তাদের স্বার্থ সিদ্ধির জন্য বিভিন্ন অনিয়ম তুলে ধরে মানববন্ধন করেন ১৯ মে। সানোয়ার কোন অনিয়ম করেননি এমন দাবি তাদের।

এ ব্যাপারে ম্যানেজার সানোয়ার হোসেন বলেন, আমি কোন দূনীতি অনিয়ম করিনা। এতে করে তারা সুবিধা পাচ্ছে না। তারা আমার কাছে সুবিধা চান। আমি না দেয়ায় গেল ১৯ মে তারা আমার বিরুদ্ধে মানববন্ধন কর্মসূচী পালন করেন।

তিনি বলেন, ওইদিন যারা মানব বন্ধনে অংশ গ্রহন করেছিলেন তারা কেউ আমার ডিপের চাষি না। তাদের কে কিছু সুযোগ সন্ধানি মানুষ ডেকে নিয়ে গিয়ে এ মানব বন্ধন করেছেন। এর প্রতিবাদে আজকের প্রতিবাদ সভা করা হয়।

তিনি আরো বলেন,আমি যদি কোন অনিয়মের সঙ্গে জড়িত থাকি,তাহলে আমার বিরুদ্ধে তদন্ত হক। তদন্ত আমি দোষী হলে, যে শাস্তি হয় আমি মাথা পেতে মেনে নিবো। আর যদি আমার কোন দোষ না পাওয়া যায়, তাহলে দোষীদের খুজে ব্যবস্থা নেয়ার দাবি জানান সানোয়ার হোসেন।

কুলবাড়িয়া গ্রামকে মাদকমুক্ত করার দাবিতে মেহেরপুরে

মানববন্ধন

কুলবাড়িয়া গ্রামকে মাদকমুক্ত করার দাবিতে মেহেরপুরে মানববন্ধন ও স্মারকলিপি দিয়েছে কুলবাড়িয়া গ্রামবাসি। রবিবার (১৯ মে) সকাল ১১ টার দিকে জেলা প্রাশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

সাবেক ছাত্রনেতা ও কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য জুয়েল রানার নেতৃত্বে কুলবাড়ীয়া গ্রামের শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি পেশার নারী পুরুষ এই মানব বন্ধনে অংশ নেয়।

মানববন্ধনে বক্তারা বলেন, কুলবাড়িয়া গ্রামে এখন ওপেন মাদক বিক্রি ও সেবন হয়। মেহেরপুরের চিহ্নিত সন্ত্রাসী দুখু বাহিনির সদস্য ঝন্টু বিশ্বাস এর নেতৃতে দেয়। সে কারনে তার ভয়ে কেউ কিছু বলতে পারেনা। তবে মাদকের কারনে কুলবাড়ীয়া গ্রামের যুব সমাজ ধংস হয়ে যাচ্ছে। তাই আমরা সকল হুমকি ধামকি উপেক্ষা করে রাস্তায় নামতে বাধ্য হয়েছি।

মানববন্ধন শেষে জেলা প্রশাসক,পুলিশ সুপার ও মাদক নিয়ন্ত্রন অফিসে স্মারকলিপি দেয় কুলবাড়িয়া গ্রামবাসি।

আলমডাঙ্গায় বেনাপোল ট্রেনের স্টপেজসহ ৪ দফা দাবীতে মানববন্ধন

বাংলাদেশের একমাত্র আলমডাঙ্গার ঐতিহ্যবাহী দ্বিতল রেলস্টেশনে বেনাপোল এক্সপ্রেস ট্রেন স্টপেজ সহ ৪ দফা দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন করা হয়েছে । পহেলা বৈশাখ গতকাল রোববার বিকেলে রেলস্টেশন চত্বরে আলমডাঙ্গা উন্নয়ন ফোরামের আয়োজনে এ মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। সর্বস্তরের জনগণ স্বতঃস্ফূর্ত ভাবে মানব বন্ধনে অংশগ্রহণ করেন।

উল্লেখিত ৪ দফা দাবীর মধ্যে রয়েছে বেনাপোল এক্সপ্রেস ট্রেন আলমডাঙ্গায় স্টপেজ, দেশের একমাত্র দ্বিতল রেলস্টেশন ভবনের আদি নির্মাণশৈলী অক্ষুণ্ণ রেখে আধুনিক বিল্ডিং পুনঃর্নির্মাণ, প্রথম ও দ্বিতীয় প্লাটফর্ম এবং যাত্রী ছাউনি বর্ধিতকরণ, এক্সপ্রেস রোড ও ফুটওভারব্রীজ স্থাপন, প্লাটফর্মের পাশে সৌন্দর্যবর্ধন ও নিরাপত্তার স্বার্থে রেলিং স্থাপন।

মানববন্ধনে বক্তব্য রাখেন আলমডাঙ্গা উন্নয়ন ফোরামের আহবায়ক এম শাহাবুল হকের সভাপতিত্বে ও নওলামারী আলিম মাদ্রাসার প্রভাষক সাহিন সাহিদের উপস্থাপনায় বক্তব্য রাখেন জেলা পরিষদের সাবেক সদস্য ও সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান,আলমডাঙ্গা বি আর ডি বির চেয়ারম্যান বিপ্লব হোসেন মাষ্টার,আলমডাঙ্গা প্রেসক্লাব ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, আলমডাঙ্গা প্রেসক্লাবের সহ সভাপতি ও আলমডাঙ্গা সরকারি কলেজের সহকারী অধ্যাপক শেখ শফিউজ্জামান, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, সাবেক জেলা পরিষদ সদস্য কাজল রেখা, সমাজ সেবক মোবারক আলী, ইজিবাইক মালিক সমিতির সভাপতি মোঃ লাল্টু রহমান, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী মৎস্যজীবী লীগের সহ সভাপতি আতিকুর রহমান জোয়ার্দার স্বপন, আলমডাঙ্গা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক তানভীর সোহেল, সাংগঠনিক সম্পাদক কাইরুল মামুন,সহ- সাংগঠনিক সম্পাদক বসিরুল আলম,শিক্ষা ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আতিক বিশ্বাস, আইসিটি বিষয়ক সম্পাদক ফাহিম ফয়সাল,প্রচার সম্পাদক জাফর জুয়েল,ধর্মবিষয়ক সম্পাদক কবি গোলাম রহমান, আব্দুল বারী,ইউনুছ আলী মিঠু,রোকন,হাসিবুল প্রমুখ।

মানব বন্ধন কর্মসূচীতে সভাপতির বক্তব্যে এম শাহাবুল হক বেনাপোল ট্রেন স্টপেজ সহ চার দফা দাবিসমূহ উত্থাপন করে বলেন, চুয়াডাঙ্গা- ১ আসনের সংসদ সদস্য ও বীরমুক্তিযোদ্বা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন মহোদয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা মহোদয়ের নিকট ৪ দফা দাবি পূরণের জন্য আলমডাঙ্গাবাসীর পক্ষ থেকে আকুল আবেদন জানাচ্ছি।

আলমডাঙ্গায় পাম্প সচলের দাবিতে কৃষক জোটের মানববন্ধন

জিকে সেচ প্রকল্পের অকেজো পাম্প দ্রুত সচলকরণের দাবিতে মানববন্ধন করেছে আলমডাঙ্গা উপজেলা কৃষক জোট।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে পৌর এলাকার পানি শূণ্য জিকে খালের মধ্যে অবস্থান করে এ মানববন্ধন করেন। এতে অংশ নেন সেচ খালের আওতাধীন কয়েক শতাধিক কৃষক। ঘণ্টাব্যাপী এই কর্মসূচি থেকে এ অঞ্চলে প্রত্যেক কৃষকের বোরো ধানের জমিতে সেচের পানি নিশ্চিত করার আহ্বান জানানো হয়েছে।

কর্মসূচিতে বক্তব্য দেন কৃষক জোটের চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌর কলেজের সাবেক অধ্যক্ষ শাহজাহান আলী, উপজেলা কৃষক জোটের সভাপতি এমদাদুল হক, সাধারণ সম্পাদক আব্দুল মালেক, সহ-সভাপতি জান্নাতুল ফেরদৌস উষা, মহাসিন আলী, কৃষক জোটের ডাউকি ইউনিয়ন সভাপতি মোজাম্মেল হক, কালিদাসপুর ইউনিয়ন সভাপতি হাসানুজ্জামান রিপন, সহ-সভাপতি আসাদুজ্জামান খাঁন, সদস্য মজিরন নেছা, তাপসি খাতুন, তহমিনা বেগম। কৃষক জোটের প্রকল্প সমন্নয়কারী মশিউর রহমান, প্রকল্প কর্মকর্তা আসমা হেনা চুমকি, রিসোর সমন্নয়কারী দারুল ইসলাম, কৃষক জোটের মাঠ কর্মকর্তা সিরাজুল ইসলাম ও শরিফুল ইসলাম প্রমুখ।

বক্তারা বলেন, আলমডাঙ্গা উপজেলার কৃষকের বোরো মৌসুমে ধান চাষ জিকে খালের পানির উপর নির্ভরশীল। এই অঞ্চলের কৃষকদের দিনের পর দিন অবহেলা করা হচ্ছে। তাঁরা ঠিকমতো পানি পাননি। অতিকষ্টে তাঁদের ফসল ফলাতে হয়। মৌসুমের শুরুতেই সেচ পানি সংকটে রয়েছে। দীর্ঘদিন সেচ পাম্প নষ্টের অজুহাতে কৃষকদের দুর্ভোগে ফেলে হয়রানীর অভিযোগও করেন।

উপস্থিত কৃষক আব্দুল ওহাব আলী বলেন, গত ফেব্রুয়ারি মাসের শুরুতে সেচ খালে পানি সরবরাহ করেন পানি উন্নয়ন বোর্ড (পাউবো)। কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ জেলার জিকের অধীনে সেচের জমি আছে ১ লাখ ৯৭ হাজার হেক্টর। এর মধ্যে বোরো ৩৫ থেকে ৪০ হাজার; আমন ৫০ থেকে ৫৫ হাজার হেক্টর জমিতে আবাদ হয়।

ভেড়ামারায় প্রধান পাম্প হাউসের দুটির মধ্যে ২০২২ সাল থেকে একটি

নষ্ট। অন্যটি দিয়ে পানি সরবরাহ করা হচ্ছিল। ফেব্রুয়ারির শুরুতে চুয়াডাঙ্গায় পানি দিলে চাষিরা বোরো রোপণ করেন। ২১ দিনপর আবারো সচল সেচ পাম্পটিও অকেজো হয়ে পড়ে। সেচ পানি না পেয়ে চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা উপজেলায় প্রায় দুইশত হেক্টর জমির ধান নষ্ট হয়ে পড়েছে। দ্রুত সেচ পাম্প সংস্কার করে পানি দেওয়ারও দাবি জানান তাঁরা।